

# জাতীয়করণ হবে এবতেদায়ি মাদ্রাসা

পরিসংখ্যান ব্যুরোর জরিপ

নিজস্ব প্রতিবেদক

২৯ জানুয়ারি ২০২৫, ১২:০০ এএম



শিক্ষকদের টানা ১০ দিন আন্দোলনের মুখে দেশের নিবন্ধনভুক্ত সব স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণ করার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। পর্যায়ক্রমে এসব মাদ্রাসা জাতীয়করণ করা হবে।

গতকাল মঙ্গলবার বিকালে রাজধানীর শাহবাগে শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব এসএম মাসুদুল হক এ কথা জানান। এর আগে, দুপুরে স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণের বিষয়ে সভায় বসেন মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা। সেখানে এ সিদ্ধান্ত চূড়ান্ত করা হয়।

মাসুদুল হক বলেন, আন্দোলনকারী শিক্ষকদের ছয় দফা দাবি মেনে নিয়েছে মন্ত্রণালয়। এ ছাড়া শিক্ষকদের ওপর পুলিশের লাঠিচার্জের ঘটনায় মন্ত্রণালয় দুঃখ প্রকাশ করেছে।

এর আগে, গত সোমবার স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণে ২৪ ঘণ্টার আলটিমেটাম দেন আন্দোলনরত শিক্ষাকরা।